**‘বেতার যন্ত্রপাতি আমদানি, ব্যবহার, বাজারজাতকরণ এবং তালিকাভুক্তি সনদ গ্রহণের নির্দেশিকা-২০২৪’ এর বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি**

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০০১ (সংশোধিত আইন ২০১০) ও আমদানি নীতি আদেশ অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে আবশ্যিকভাবে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করতে হয়। বেতার যন্ত্রপাতির ধরণ অনুযায়ী কমিশন হতে প্রণীত নির্দেশিকা (যথা-‘বাংলাদেশে Internet of Things (IoT) ডিভাইস আমদানির নির্দেশিকা’, ‘Instruction for providing Service Through 2.4 & 5.7 GHz Band in Bangladesh’ এবং Radio Equipment Importer সংক্রান্ত নির্দেশিকা) অনুযায়ী বিভিন্ন প্রকার সনদ ইস্যু করা হয়। সেবা সহজীকরণের লক্ষ্যে কমিশন হতে প্রণিত নির্দেশিকাসমূহকে একীভুত করে ‘বেতার যন্ত্রপাতি আমদানি, ব্যবহার, বাজারজাতকরণ এবং তালিকাভুক্তি সনদ গ্রহণের নির্দেশিকা-২০২৪’ শিরোনামে নিম্নোক্ত আকারে খসড়া নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকার বিষয়ে আপনার/ আপনার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মতামত নিম্নোক্ত ছক আকারে প্রদানকরত: ই-মেইলের মাধ্যমে didarul@btrc.gov.bd -মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। **উল্লেখ্য যে, মতামত আগামী ৩০/০৬/২০২৪ খ্রি: তারিখ, বেলা: বিকাল-৪:০০ ঘটিকা পর্যন্ত প্রেরণ করা যাবে।**

| অনুচ্ছেদ নং | খসড়া নির্দেশিকায় উল্লিখিত বিষয়/ তথ্য | সংশোধনের নিমিত্ত তথ্য/ মতামত |
|---|---|---|
| ০১ | | |
| ০২ | | |
| ------ | ------ | --------- |

# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

বিটিআরসি ভবন, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।

# বেতার যন্ত্রপাতি আমদানি, ব্যবহার, বাজারজাতকরণ এবং তালিকাভুক্তি সনদ গ্রহণের নির্দেশিকা-২০২৪

<u>সূচীপত্র</u>


| অধ্যায় | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | ভুমিকা | ৩ |
| ২ | উদ্দেশ্য | ৩ |
| ৩ | নির্দেশিকার প্রয়োগ | ৪ |
| ৪ | সংজ্ঞা | ৪-৫ |
| ৫ | কমিশনের এখতিয়ার | ৫-৬ |
| ৬ | তালিকাভুক্তি সনদের মেয়াদকাল ও ফি/ চার্জ | ৬ |
| ৭ | বেতার যন্ত্রের প্রকারভেদ/ ধরন | ৬-৭ |
| ৮ | তালিকাভুক্তি সনদ গ্রহণের সাধারণ শর্তাবলী | ৭-৮ |
| ৯ | বেতার যন্ত্রপাতি আমদানি, বিক্রয়, বাজারজাতকরণ ও ব্যবহারের শর্তাদি | ৮-১২ |
| ১০ | তালিকাভুক্তি সনদ গ্রহণের প্রক্রিয়া | ১২-১৩ |
| ১১ | বেতার যন্ত্রপাতি আমদানির অনাপত্তি গ্রহণের প্রক্রিয়া | ১৪ |
| ১২ | বেতার যন্ত্রপাতি খালাসের ছাড়পত্র গ্রহণের প্রক্রিয়া | ১৪ |
| ১৩ | তালিকাভুক্তি সনদ নবায়ন | ১৪ |
| ১৪ | বিবিধ | ১৪ |
| | পরিশিষ্ট-১: তালিকাভুক্তি সনদের নমুনা | ১৫-১৭ |
| | পরিশিষ্ট-২: তালিকাভুক্তি সনদ নবায়নের নমুনা | ১৮ |
| | পরিশিষ্ট-৩: প্রয়োজনীয় দলিলাদি | ১৯-২১ |

## ১. ভূমিকাঃ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০০১ (সংশোধিত আইন ২০১০) ও সরকারের আমদানি নীতি আদেশ অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে আবশ্যিকভাবে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করতে হয়। সাম্প্রতিককালে ডিজিটালাইজেশন (digitalization) এর মাধ্যমে দৈনন্দিন জীবনসহ বিভিন্ন ক্ষেত্রে প্রযুক্তির কল্যাণে ব্যাপক রূপান্তর সাধিত হয়েছে। প্রযুক্তির এই ক্রমবর্ধমান উৎকর্ষের ক্ষেত্রে নানা ধরনের বেতার যন্ত্রপাতির ব্যবহার ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে ওয়াকিটকি, মোবাইল হ্যান্ডসেট, আইওটি (loT) ডিভাইস, রাউটার প্রভৃতির ব্যবহার দিন দিন বেড়েই চলেছে। তাই এ সকল বেতার যন্ত্রপাতি আমদানি করা হতে শুরু করে গ্রাহক পর্যায়ে ব্যবহার পর্যন্ত সর্বত্র মনিটরিং বা নিয়ন্ত্রণ করার প্রয়োজনীয়তাও দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে মোবাইল হ্যান্ডসেট স্থানীয়ভাবে উৎপাদন/ সংযোজন হওয়ায় আমদানি নির্ভরতা অনেকাংশে কমে গিয়েছে। তবে অনেক ক্ষেত্রে মোবাইল হ্যান্ডসেটসহ অন্যান্য বেতার যন্ত্রপাতি বৈধ পথে আমদানি না হওয়ায় সরকার এ খাত থেকে বিপুল পরিমাণ রাজস্ব হারাচ্ছে। অত্র নির্দেশিকা প্রণয়নের ফলে বৈধ পথে বেতার যন্ত্রপাতি আমদানি, ব্যবহার, বিক্রয় ও বাজারজাতকরণের পাশাপাশি সরকারের রাজস্ব আদায়ে গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে।

## ২. উদ্দেশ্যঃ

কমিশন হতে বিভিন্ন প্রকার বেতার যন্ত্রপাতি যেমন-ট্রান্সিভার, ওয়াকিটকি, রাউটার, আইওটি ডিভাইস, মোবাইল হ্যান্ডসেট, ব্রডকাস্টিং যন্ত্রপাতি প্রভৃতি আমদানি, ব্যবহার ও বাজারজাতকরণের জন্য ইতিপূর্বে প্রণয়নকৃত সংশ্লিষ্ট নির্দেশিকা (যথা- 'বাংলাদেশে Internet of Things (IoT) ডিভাইস আমদানির নির্দেশিকা', 'Instruction for providing Service Through 2.4 & 5.7 GHz Band in Bangladesh' এবং Radio Equipment Importer সংক্রান্ত নির্দেশিকা) অনুযায়ী বিভিন্ন প্রকার সনদ ইস্যু করা হতো। সেবা ও বাণিজ্যিকভাবে ব্যবসা পরিচালনার ধরন অনুযায়ী উক্ত নির্দেশিকাসমূহে উল্লিখিত এনলিষ্টমেন্ট ফি'র ধরনেও প্রকারভেদ রয়েছে এবং উক্ত নির্দেশিকাসমূহের আলোকে কমিশন হতে বেতার যন্ত্রপাতির ধরণ অনুযায়ী ভিন্ন ভিন্ন অনাপত্তি প্রদান করা হতো। বেতার যন্ত্রের ধরন অনুযায়ী ভিন্ন ভিন্ন নির্দেশিকা থাকায় সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক নির্দেশিকা অনুযায়ী যথাযথভাবে কমিশনে আবেদন করার ক্ষেত্রে নানাবিধ জটিলতার সম্মুখীন হতে হতো। বেতার যন্ত্রপাতি ব্যবহারকারীর ক্ষেত্রে বেতার যন্ত্রপাতি ব্যবহারের বিষয়ে সুস্পষ্ট ধারণা না থাকায় অবৈধভাবে বেতার যন্ত্রের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। এ সকল জটিলতা সহজীকরণের লক্ষ্যে কমিশন হতে প্রণীত নির্দেশিকাসমূহকে একীভূত করে একটি সমন্বিত নির্দেশিকা প্রণয়ন করা হলো এবং একই সাথে পূর্ববর্তী নির্দেশিকাসমূহ অত্র নির্দেশিকা জারির তারিখ হতে অকার্যকর বলে গণ্য হবে। ইতিপূর্বে উল্লিখিত নির্দেশিকার আলোকে কমিশন হতে যে সকল প্রতিষ্ঠানের অনুকূলে সনদ বা অনুমতি পত্র ইস্যু করা হয়েছে সে সকল প্রতিষ্ঠানকে কমিশনের নির্দেশনানুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে পূর্বের ইস্যুকৃত সনদ বা অনুমতি পত্র কমিশন হতে নির্দেশিত ফি/ চার্জ সমন্বয় করতঃ অত্র নির্দেশিকায় বর্ণিত তালিকাভুক্তি সনদ গ্রহণ বা হালনাগাদ করতে হবে।

## ৩. নির্দেশিকার প্রয়োগঃ

(ক) টেলিযোগাযোগের উদ্দেশ্যে ব্যবহৃত বেতার যন্ত্রপাতি উপযুক্ত প্রতিষ্ঠান/ সংস্থা কর্তৃক আমদানি, বিক্রয় ও বাজারজাতকরণের ক্ষেত্রে অত্র নির্দেশিকার আওতায় সনদ গ্রহণ করতে হবে।

(খ) নিম্নলিখিত ক্ষেত্রে বেতার যন্ত্রপাতি আমদানি ও ব্যবহারের জন্য অত্র নির্দেশিকার আওতায় সনদ গ্রহণের প্রয়োজন হবে না, তবে আমদানি ও ব্যবহারের পূর্বে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করতে হবেঃ

(i) কোন সংস্থা/ প্রতিষ্ঠান/ ব্যক্তি এর অনুকূলে কমিশন হতে বরাদ্দকৃত তরঙ্গে কোন বেতার যন্ত্রপাতি আমদানি ও ব্যবহারের ক্ষেত্রে;

(ii) কমিশন থেকে লাইসেন্স প্রাপ্ত কোন সংস্থা/ প্রতিষ্ঠান কর্তৃক টেলিযোগযোগ সেবা প্রদানের জন্য বেতার নেটওয়ার্ক স্থাপনের উদ্দেশ্যে স্ব স্ব লাইসেন্সের আওতায় বেতার যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে; এবং

(iii) শুধুমাত্র নিজস্ব ব্যবহারের জন্য কোন সংস্থা/ প্রতিষ্ঠান/ ব্যক্তি কর্তৃক বেতার যন্ত্রপাতি আমদানি ও ব্যবহারের ক্ষেত্রে।

## ৪. সংজ্ঞাঃ

| | | |
|---|---|---|
| (ক) আইওটি (IoT) যন্ত্রপাতি | - | Internet of Things- ন্যাশনাল ফ্রিকোয়েন্সি এ্যালোকেশন টেবিল (এনএফএটি) অনুযায়ী এবং বাংলাদেশের ইকো সিস্টেম (echo system) বিবেচনা করে অত্র নির্দেশিকার অনুচ্ছেদ-৯.১.২ এ বর্ণিত তরঙ্গ ব্যবহারে সক্ষম বেতার যন্ত্রপাতি। |
| (খ) আইএসএম (ISM) যন্ত্রপাতি | - | Industrial, Scientific and Medical purposes যন্ত্রপাতি। এ সকল যন্ত্রপাতি অত্র নির্দেশিকার অনুচ্ছেদ-৯.১.৩ এ বর্ণিত তরঙ্গ ব্যবহারে সক্ষম বেতার যন্ত্রপাতি। |
| (গ) কমিশন | - | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন) এর আওতায় প্রতিষ্ঠিত বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন। |
| (ঘ) তালিকাভুক্তি সনদ | - | এই নির্দেশিকার আওতায় প্রদত্ত 'রেডিও ইকুইপমেন্ট ইম্পোর্টার এন্ড ভেন্ডর এনলিস্টমেন্ট সনদ'। |
| (ঙ) প্রতিবন্ধকতা | - | নির্গমন (emission), বিকিরণ (radiation), আবেশের (induction) ফলে সৃষ্ট তড়িৎ-চুম্বকীয় শক্তির এমন বিরূপ প্রভাব যাহা-<br>(i) বেতার যোগাযোগ ব্যবস্থার ব্যবহার বা কার্যক্ষমতাকে বিপন্ন করে; অথবা<br>(ii) বেতার যন্ত্রপাতির ব্যবহার বা কার্যক্ষমতাকে উল্লেখযোগ্যভাবে হ্রাস বা বাধাগ্রস্ত করে অথবা উক্ত ব্যবহারে বা কার্যক্ষমতায় বিচ্যুতি ঘটায়। |
| (চ) প্রান্তিক যন্ত্রপাতি | - | এমন টেলিযোগাযোগ যন্ত্রপাতি যাহা টেলিযোগাযোগ ব্যবস্থার মাধ্যমে টেলিযোগাযোগ সেবার গ্রহীতা কর্তৃক বার্তা বা তথ্য প্রেরণ বা গ্রহণের জন্য ব্যবহৃত হয়। |

| | | |
|---|---|---|
| (ছ) বেতার যন্ত্রপাতি | - | বেতার (radio apparatus) যোগাযোগে ব্যবহারের উপযুক্ত কৌশল বা এরূপ একাধিক কৌশলের সমন্বয়। |
| (জ) বেতার যোগাযোগ বা রেডিও | - | কোন কৃত্রিম দিক নির্দেশক ব্যবস্থা ব্যতিরেকে ৩০০ গিগাহার্জ অপেক্ষার কম ফ্রিকোয়েন্সির বেতার তরঙ্গের (radio frequency) সাহায্যে ভূ-পৃষ্ঠের উপরে কোন বার্তা, চিহ্ন, সংকেত, ছবি, প্রতিকৃতি, প্রকৃতি বা শব্দের নির্গমন, প্রেরণ বা গ্রহণ। |
| (ঝ) ব্যবহারকারী | - | অবাণিজ্যিকভাবে (বাণিজ্যিক ভিত্তিতে বেতার যন্ত্রপাতি আমদানিকারক ব্যতীত) বেতার যন্ত্রপাতি ব্যবহারকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান। |
| (ঞ) সনদধারী | - | এই নির্দেশিকার আওতায় 'রেডিও ইকুইপমেন্ট ইম্পোর্টার এন্ড ভেন্ডর এনলিস্টমেন্ট সনদ' গ্রহণকারী (বাণিজ্যিকভাবে বেতার যন্ত্রপাতি আমদানিকারক) প্রতিষ্ঠান/সংস্থা। |
| (ট) সম্প্রচার | - | বেতার তরঙ্গ, কৃত্রিম উপগ্রহ, তার (cable), বা অপটিক্যাল ফাইবার এর সাহায্যে এমন কোন বার্তা, সংকেত, ছবি, প্রতিকৃতি, প্রকৃতি, শব্দ বা বুদ্ধিভিত্তিক অভিব্যক্তি প্রেরণ যা জনসাধারণ কর্তৃক গ্রহণের জন্য প্রেরিত, তবে ইন্টারনেট যোগাযোগের মাধ্যমে কোন কিছু প্রেরণকে সম্প্রচার বলা যাবে না। |
| (ঠ) PMR (Private Mobile Radio) | - | পিএমআর হল একটি যোগাযোগ ব্যবস্থা যা ল্যান্ড মোবাইল পরিষেবা (land mobile service) এর অধীনে ভিএইচএফ এবং ইউএইচএফ রেডিও ফ্রিকোয়েন্সি ব্যবহার করে ভয়েস প্রেরণ করা হয়। এই সিস্টেমগুলি পোর্টেবল, মোবাইল, বেস স্টেশন, রিপিটার বা রেডিও ব্যবহার করে। |
| (ড) SAR (Specific Absorption Rate) | - | SAR হল কোন হ্যান্ডহেল্ড রেডিও ডিভাইস বা বেইজ ট্রান্সমিটার এর উৎস থেকে শরীর দ্বারা RF (radio frequency) শক্তি শোষণের হারের পরিমাপ। |
| (ঢ) SBR (Short Business Radio) | - | এনএফএটি অনুযায়ী ২৪৫-২৪৬ মেগাহার্জ ব্যান্ডে শেয়ার্ড বেসিসে ব্যবহৃত বেতার যন্ত্রপাতি। |

## ৫. কমিশনের এখতিয়ারঃ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ধারা ৫২ অনুযায়ী এ সংক্রান্ত বিধানাবলীঃ

*(ক) "প্রান্তিক যন্ত্রপাতির নাম, বিবরণ (specification), কারিগরি মান ও আনুষঙ্গিক বিষয়াদি নির্ধারণ করিয়া সময় সময় নির্দেশিকা প্রণয়ন ও প্রকাশ করিবে।*

*(খ) প্রান্তিক যন্ত্রপাতি উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ এবং টেলিযোগাযোগ ব্যবস্থায় স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যক্তি উক্ত নির্দেশিকা অনুসরণ করিবেন।"*

এছাড়া বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত ২০১০) এর ধারা ৫৭ অনুযায়ী কারিগরি গ্রহণযোগ্যতা সনদ ব্যতীত বেতার যন্ত্রপাতি কোন ব্যক্তি ব্যবহার, বিতরণ, পরিবেশন, ইজারা দান, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রস্তাব বা প্রদর্শন করিতে পারিবেন না। বর্ণিত আইন অনুযায়ী উক্ত সনদ ইস্যুকরণ, নবায়ন, বাতিলকরণ ও স্থগিতকরণের এখতিয়ারও অত্র কমিশনের। এছাড়া আমদানি নীতি আদেশ (হালনাগাদকৃত) অনুযায়ী যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি (যেমনঃ মোবাইল হ্যান্ডসেট, ট্যাবলেট, ওয়াকি-টকি, বেইজ, রিপিটার ইত্যাদি) আমদানির ক্ষেত্রে আবশ্যিকভাবে বিটিআরসি'র পূর্বানুমতি গ্রহণ করতে হয়।

৬. **তালিকাভুক্তি সনদের ফি ও মেয়াদকালঃ**

**তালিকাভুক্তি সনদের ফিঃ** কমিশনের অনুমোদিত রেটলিস্ট অনুযায়ী ফি/চার্জ প্রযোজ্য হবে।

**তালিকাভুক্তি সনদের মেয়াদকালঃ** সনদ প্রদানের তারিখ হতে পরবর্তী ২ (দুই) বছর। সনদ মেয়াদান্তে ০২ বছর অন্তর অন্তর নবায়ন করতে হবে।

৭. **বেতার যন্ত্রের প্রকারভেদ/ ধরনঃ**

বিভিন্ন প্রকার/ ধরনের বেতার যন্ত্রপাতির বিবরণ নিম্নরূপ-

(ক) পিএমআর (PMR) ব্যান্ডে ব্যবহৃত বেতার যন্ত্রপাতি (handheld walkie-talkie/ portable/ vehicle mounted/ base/ repeater);

(খ) ভিস্যাট/ ভিস্যাট হাব বেতার যন্ত্রপাতি;

(গ) মোবাইল হ্যান্ডসেট/ ট্যাব;

(ঘ) এসবিআর (SBR/ CB) হ্যান্ডহেল্ড ওয়াকিটকি;

(ঙ) ফিক্সড ওয়্যারলেস ফোন/মডেম (সীম বেইজড/ নন সীম বেইজড);

(চ) Push to Talk over cellular (POC).

(ছ) স্যাটেলাইট (satellite) ফোন;

(জ) সকল প্রকার আইওটি যন্ত্রপাতি (সীম বেইজড/ নন সীম বেইজড/ সেন্সর বেইজড), PoS (point of sale) মেশিন;

(ঝ) আইএসএম ব্যান্ডে (২.৪ ও ৫.৭ গিগাহার্জ) ব্যবহৃত বেতার যন্ত্রপাতি (তথা-ওয়্যারলেস রাউটার, এক্সেস পয়েন্ট প্রভৃতি);

(ঞ) সম্প্রচার সেবা (টিভি,রেডিও,ডিটিএইচ) সংশ্লিষ্ট যন্ত্রপাতি (তথা-ট্রান্সমিটার, রিসিভার/ সেট টপ বক্স, এলএনবি, এন্টেনা, মডুলেটর, ডিমডুলেটর, কনভার্টার প্রভৃতি);

(ট) সেলুলার মোবাইল অপারেটর কর্তৃক ব্যবহৃত বেতার যন্ত্রপাতি;

(ঠ) এ্যারোনটিক্যাল ও মেরিটাইম ব্যান্ডে ব্যবহৃত বেতার যন্ত্রপাতি;

(ড) ভিটিএস (VTS) সংক্রান্ত বেতার যন্ত্রপাতি এবং

(ঢ) ITU-R এবং ন্যাশনাল ফ্রিকুয়েন্সি এ্যালোকেশন টেবিল অনুযায়ী বরাদ্দকৃত তরঙ্গে ব্যবহার্য যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি।

## ৮. তালিকাভুক্তি সনদ গ্রহণের সাধারণ শর্তাবলীঃ

ক) বেতার যন্ত্রপাতি বাণিজ্যিকভাবে আমদানিকারক ও সরবরাহকারী হিসেবে তালিকাভুক্তি সনদ গ্রহণ এবং উক্ত সনদ নবায়নের জন্য পরিশিষ্ট-৩(ক) এ বর্ণিত হালনাগাদকৃত কাগজপত্রাদিসহ আবেদন করতে হবে।

খ) সনদধারী প্রতিষ্ঠান বেতার যন্ত্রপাতি ব্যবহারকারী সংস্থা/ প্রতিষ্ঠানের কার্যাদেশের ভিত্তিতে কমিশন হতে অনুচ্ছেদ-৭ এ উল্লিখিত বেতার যন্ত্রপাতি ও আনুষঙ্গিক যন্ত্রাংশ আমদানি করতে পারবে। এক্ষেত্রে বেতার যন্ত্রপাতি ব্যবহারকারী সংস্থা/ প্রতিষ্ঠান কর্তৃক আমদানির পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

গ) কমিশনের পূর্বানুমতি ব্যতিত বর্ণিত বেতার যন্ত্রপাতি আমদানি ও রপ্তানি কঠোরভাবে নিষিদ্ধ।

ঘ) আমদানিকৃত বেতার যন্ত্রপাতি সনদধারী কর্তৃক মজুদ করা যাবে না। তবে মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজে যথাযথ প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে কমিশনের পূর্বানুমতিক্রমে প্রয়োজনীয় সংখ্যক বেতার যন্ত্রপাতি আমদানি করা যাবে।

ঙ) সনদধারী কর্তৃক আমদানিকৃত বেতার যন্ত্রপাতির জন্য একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে আমদানির তারিখ, আমদানির স্থান, সরবরাহকারী সংস্থার নাম, সরবরাহের তারিখসহ বিস্তারিত বিবরণ থাকতে হবে।

চ) কমিশন কোন লিখিত আদেশ দ্বারা/ পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই সময়ে সময়ে সনদধারী প্রতিষ্ঠানের অফিস/ স্টোর পরিদর্শনের জন্য পরিদর্শক প্রেরণ করতে পারবে।

ছ) শুধুমাত্র একটি ভেন্ডর তালিকাভুক্তি সনদ/ তালিকাভুক্তির নম্বর একটিমাত্র সত্তা (entity) যেমন-স্বত্বাধিকারী, পার্টনারশিপ বা লিমিটেড কোম্পানি-কে সরবরাহ করা হবে। একক মালিকানাধীন এর ক্ষেত্রে একাধিক সত্তা (entity) থাকলে তাদের মধ্যে শুধুমাত্র একজন এই সনদ গ্রহণের যোগ্য হবেন।

জ) কমিশন জাতীয় স্বার্থে যে কোন সনদধারীর সনদ বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

ঝ) সনদধারী কর্তৃক কোন পুরাতন বা ব্যবহৃত বেতার যন্ত্রপাতি আমদানি করতে পারবে না।

ঞ) এই তালিকাভুক্তি সনদ কোন ভাবেই হস্তান্তরযোগ্য নয়।

ট) এই তালিকাভুক্তি সনদধারীকে উল্লিখিত বেতার যন্ত্রপাতি আমদানি সংক্রান্ত দরপত্রে অংশগ্রহণের অনুমতি প্রদান করবে।

ঠ) কমিশন হতে প্রদানকৃত তালিকাভুক্তি সনদে উল্লিখিত মেয়াদ উত্তীর্ণের ন্যুনতম ২ (দুই) মাস পূর্বে সংশ্লিষ্ট সকল হালনাগাদ কাগজপত্রাদিসহ নবায়নের জন্য আবেদন করতে হবে।

ড) কমিশন হতে প্রদানকৃত তালিকাভুক্তি সনদ এর ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণের নির্দিষ্ট তারিখের পূর্বেই সনদের নবায়ন ফি পরিশোধ করতে হবে। তবে তালিকাভুক্তি সনদের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে আবেদন করলে বিলম্বে আবেদনের জন্য ১৫% হারে বিলম্ব ফি'সহ তালিকাভুক্তি সনদের ফি প্রদান করতঃ নবায়ন করতে হবে।

ঢ) তালিকাভুক্তি সনদের মেয়াদ শেষ হওয়ার ৬ (ছয়) মাস পর আবেদন করলে ১৫% হারে বিলম্ব ফি'র সাথে সনদের বাৎসরিক ফি'র ১০% হারে অতিরিক্ত ফি প্রদান করতঃ নবায়ন করতে হবে।

ণ) আমদানিতব্য বেতার যন্ত্র dual stack transition পদ্ধতি (অর্থাৎ একইসাথে IPv4 এবং IPv6) অথবা IPv6 পদ্ধতিতে কার্যক্রম পরিচালন সক্ষম হতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

ত) বেতার যন্ত্রপাতির প্রকার বিবেচনায় আমদানি ও ব্যবহারের ক্ষেত্রে কমিশন বিশেষ শর্ত আরোপ করতে পারবে।

থ) অত্র নির্দেশিকার কোন শর্ত লঙ্ঘিত হলে কমিশন হতে প্রশাসনিক জরিমানা আরোপ/ প্রদত্ত তালিকাভুক্তি সনদ বাতিলের অধিকার সংরক্ষণ করে।

## ৯. বেতার যন্ত্রপাতি আমদানি, বিক্রয়, বাজারজাতকরণ ও ব্যবহারের শর্তাদিঃ

### ৯.১.১ মোবাইল হ্যান্ডসেট আমদানি, বিক্রয় ও বাজারজাতকরণঃ

(ক) সনদধারী কর্তৃক মোবাইল হ্যান্ডসেট আমদানির ক্ষেত্রে পরিশিষ্ট-৩(খ) অনুযায়ী কাগজপত্রাদি দাখিল করতঃ কমিশন হতে আমদানির অনাপত্তি গ্রহণ করতে হবে।

(খ) ফিচার টাইপ মোবাইল হ্যান্ডসেটের ক্ষেত্রে বিএসটিআই (BSTI) কর্তৃক প্রদত্ত জাতীয় মান (BDS 1834:2011) অনুযায়ী নির্ধারিত বাংলা কী-প্যাড সম্বলিত নতুন সেট আমদানি/ বাজারজাত করতে হবে। বিএসটিআই কর্তৃক জাতীয় মান (BDS 1834:2011) এর সাথে সঙ্গতিপূর্ণ বাংলা সফটওয়্যার বিল্ট-ইন (Built-in) থাকতে হবে এবং কী-প্যাডে অবশ্যই বাংলা হরফ মুদ্রিত (Print) করা থাকতে হবে।

(গ) Touch/ Qwerty/ Smart মোবাইল হ্যান্ডসেট আমদানি/ বাজারজাতকরণের ক্ষেত্রে বিএসটিআই কর্তৃক প্রদত্ত জাতীয় মান BDS 1520:2018 এবং BDS 1738:2018 অনুযায়ী প্রমিতকরণ বাংলা ব্যবহার করতে হবে। BDS 1520:2018 এবং BDS 1738:2018 এর সাথে সঙ্গতিপূর্ণ অমোচনীয় (non-removable) বাংলা সফটওয়্যার ইনস্টল (install) করা থাকতে হবে।

(ঘ) মোবাইল হ্যান্ডসেটের ক্ষেত্রে SAR এর পরিমাপ সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃক কোন নির্দেশনা/ গাইডলাইন/ রেগুলেশন না থাকলে, ICNIRP (International Commission on non-Ionizing Radiation Protection) অনুযায়ী SAR এর পরিমাপ ২ ওয়াট/কেজি (body & head) এর মধ্যে সীমাবদ্ধ এরুপ হ্যান্ডসেট আমদানি করতে হবে।

(ঙ) আমদানিতব্য মোবাইল হ্যান্ডসেটসমূহ কমিশনে প্রদর্শন (নমুনা কপি) পূর্বক আমদানির অনাপত্তি গ্রহণ করতে হবে এবং আমদানির পর বিক্রয়/ বাজারজাতকরণের পূর্বে হ্যান্ডসেটসমূহের IMEI নম্বর NAID সিস্টেমে আপলোড করতঃ পরবর্তীতে তার বিস্তারিত বিবরণী কমিশনে প্রেরণ করতে হবে।

(চ) মোবাইল হ্যান্ডসেট কোন অবস্থাতেই কোন অপারেটরের সাথে "ব্র্যান্ডিং" শর্তে আমদানি করা যাবে না।

(ছ) আমদানিকৃত মোবাইল হ্যান্ডসেটসমূহের জন্য কমপক্ষে ০১ (এক) বৎসরের বিক্রয়োত্তর সেবা (warranty) প্রদান করতে হবে এবং প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারীদের বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য পর্যাপ্ত সংখ্যক সার্ভিস সেন্টার রাখতে হবে।

(জ) কোন নির্দিষ্ট ব্র্যান্ডের একই মডেলের মোবাইল হ্যান্ডসেট আমদানি ও স্থানীয়ভাবে উৎপাদন/ সংযোজনকারী প্রতিষ্ঠানের নিকট হতে উৎপাদন করা যাবে না।

(ঝ) শুধুমাত্র বিক্রয়োত্তর সেবা প্রদান করার জন্য ইতিপূর্বে কমিশনের অনুমোদনক্রমে আমদানিকৃত হ্যান্ডসেটসমূহের সর্বোচ্চ শতকরা ০৩ (তিন) ভাগ হারে PCB (printed circuit board) আমদানি করা যাবে, তবে কোন অবস্থাতেই উক্ত যন্ত্রাংশ ব্যবহার করে স্বতন্ত্র হ্যান্ডসেট তৈরি করা যাবে না।

(ঞ) সকল ফিচার হ্যান্ডসেটে বাধ্যতামূলকভাবে ৮২৫-৮৪৫/৮৭০-৮৯০ মেগাহার্জ, ৮৮০-৯১৫/৯২৫-৯৬০ মেগাহার্জ, ১৭১০-১৭৮৫/১৮০৫-১৮৮০ মেগাহার্জ তরঙ্গ সীমায় পরিচালনে সক্ষম হতে হবে। এছাড়া সকল স্মার্ট মোবাইল হ্যান্ডসেটে উপর্যুক্ত তরঙ্গ ব্যান্ডসমূহের পাশাপাশি ১৯২০-১৯৮০/২১১০-২১৭০ মেগাহার্জ, ২৩০০-২৪০০ মেগাহার্জ এবং ২৫০০-২৬৯০ মেগাহার্জ তরঙ্গ সীমায় পরিচালনে সক্ষম হতে হবে। অধিকন্তু এই ব্যান্ডসমূহ ছাড়াও ভবিষ্যতে অন্য কোন ব্যান্ডের তরঙ্গ যখন অপারেটরদের নিকট বরাদ্দ দেওয়া হবে সেই ব্যান্ডসমূহে কার্যক্ষমতার বিষয়ে বিটিআরসি হতে প্রদানকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

(ট) GSMA কর্তৃক প্রদানকৃত মোবাইল হ্যান্ডসেটের একই TAC (type allocation code) নম্বর একাধিক মডেলের ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।

**৯.১.২ আইওটি বেতার যন্ত্রপাতি আমদানি, বিক্রয় ও বাজারজাতকরণঃ**

(ক) আইওটি যন্ত্রপাতিসমূহ সিম বেইজড অথবা নন সিম বেইজড সেন্সর (sensor) ডিভাইস। সিম বেইজড আইওটি যন্ত্রপাতিসমূহ মোবাইল নেটওয়ার্কে ব্যবহৃত হয়। নন সিম বেইজড আইওটি যন্ত্রপাতিসমূহ ব্যবহারের জন্য বাংলাদেশের এনএফএটি অনুযায়ী এবং আইটিইউ-আর (ITU-R) কর্তৃক নির্ধারিত ব্যান্ড বিবেচনা করে নিম্নের তরঙ্গ সমূহকে প্রাথমিকভাবে চিহ্নিত করা হয়েছেঃ

i. ৪৩৩.০৫ - ৪৩৪.৭৯ মেগাহার্জ

ii. ৮৬৬ - ৮৬৮ মেগাহার্জ

iii. ৯১৫ - ৯২৫ মেগাহার্জ

iv. ২৪০০ - ২৪৮৩.৫ মেগাহার্জ

v. ৫৭২৫ - ৫৮৭৫ মেগাহার্জ

vi. এছাড়া বর্ণিত সেবার জন্য বাংলাদেশের এনএফএটি অনুযায়ী কমিশন কর্তৃক অনুমোদিত তরঙ্গ

সুতরাং বর্ণিত ফ্রিকোয়েন্সি/ নেটওয়ার্কের পরিচালিত আইওটি যন্ত্রপাতি সনদধারী কর্তৃক আমদানি, বিক্রয়/ বাজারজাত করার ক্ষেত্রে পরিশিষ্ট-৩(গ) অনুযায়ী কাগজ পত্রাদি দাখিল করতঃ কমিশনের অনুমতি গ্রহণ করতে হবে।

(খ) আমদানিতব্য আইওটি বেতার যন্ত্রপাতির সর্বোচ্চ পাওয়ার আউটপুট ১~২ ওয়াট/ ৩০-৩৩.০১ dBm এর মধ্যে সীমাবদ্ধ হতে হবে।

(গ) আইওটি বেতার যন্ত্রপাতিসমূহ আমদানির পূর্বে সাইবার নিরাপত্তা, প্রটোকল নিশ্চিতকরণের জন্য এ সংক্রান্ত সনদ অথবা আন্তর্জাতিক স্বীকৃত (ISO/ IEC 30141) সনদ থাকতে হবে।

### ৯.১.৩ ২.৪ ও ৫.৭ গিগাহার্জ ব্যান্ডে ব্যবহৃত বেতার যন্ত্রপাতি আমদানি, বিক্রয় ও বাজারজাতকরণঃ

কমিশন হতে এ ধরণের বেতার যন্ত্রের ক্ষেত্রে ২.৪ গিগাহার্জ ব্যান্ডের মধ্যে ২.৪০০০-২.৪৮৩৫ গিগাহার্জ (৮৩.৫ মেগাহার্জ) এবং ৫.৭ গিগাহার্জ ব্যান্ডের মধ্যে ৫.৭২৫-৫.৮৭৫ গিগাহার্জ (১৫০ মেগাহার্জ) তরঙ্গ নির্ধারণ করা রয়েছে, যা ইনডোর পরিবেশে ব্যবহারের ক্ষেত্রে যন্ত্রপাতির সর্বোচ্চ অনুমতিযোগ্য পাওয়ার আউটপুট হবে ৩০ ডিবিএম (dBm)/১ ওয়াট এবং এক্ষেত্রে উক্ত যন্ত্রপাতির সর্বোচ্চ অনুমতিযোগ্য এন্টেনা গেইন (Antenna Gain) হবে ৬ ডিবিআই (dBi)। ৬ ডিবিআই (dBi) এর অধিক এন্টেনা গেইনের ক্ষেত্রে, ৬ ডিবিআই (dBi) এর অতিরিক্ত যে পরিমাণে এন্টেনা গেইন বেশি হবে এরূপ ডিভাইস/ যন্ত্রপাতি এর সর্বোচ্চ অনুমতিযোগ্য পাওয়ার আউটপুট ডিবি (dB) এর হিসাবে তার সমপরিমাণে কম হতে হবে।

সুতরাং বর্ণিত ফ্রিকুয়েন্সি/ নেটওয়ার্কের আওতায় ও পাওয়ার আউটপুটের মধ্যে সীমাবদ্ধ যন্ত্রপাতি এবং ITU-R ও ন্যাশনাল ফ্রিকুয়েন্সি এ্যালোকেশন টেবিল অনুযায়ী বরাদ্দকৃত উক্ত শেয়ার্ড ব্যান্ডের ব্যবহার্য যে কোন প্রকার বেতার যন্ত্রপাতি সনদধারী কর্তৃক আমদানি ও বিক্রয়/ বাজারজাত করার ক্ষেত্রে পরিশিষ্ট-৩(গ) অনুযায়ী কাগজপত্রাদি দাখিল করতঃ কমিশনের অনুমতি গ্রহণ করতে হবে।

### ৯.১.৪ ওয়াকিটকি, বেইজ, রিপিটার, ট্রান্সিভার ও অন্যান্য বেতার যন্ত্রপাতি আমদানি ও সরবরাহকরণঃ

(ক) পিএমআর ব্যান্ড তথা লাইসেন্স ব্যান্ড, নন লাইসেন্স/ শেয়ার্ড ব্যান্ডে কমিশন হতে তরঙ্গ বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠান/ ব্যবহারকারী কর্তৃক বর্ণিত বেতার যন্ত্রপাতি আমদানির পূর্বানুমতি গ্রহণের জন্য পরিশিষ্ট-৩(ঘ) অনুযায়ী কাগজ পত্রাদি দাখিল করতঃ আমদানির অনাপত্তি গ্রহণ করতে হবে। বর্ণিত বেতার যন্ত্রপাতি কার্যাদেশ/ চুক্তির ভিত্তিতে আমদানির ক্ষেত্রে আমদানিকারককে অবশ্যই কমিশনের তালিকাভুক্তি সনদ থাকতে হবে এবং তা হালনাগাদকৃত হতে হবে।

(খ) সনদধারী কর্তৃক কোন অবস্থাতেই আমদানিকৃত বেতার যন্ত্রপাতি ইহার স্বত্বাধিকারীর নিকট সরবরাহ ব্যতীত অন্যত্র সরবরাহ করা যাবে না।

(গ) পিএমআর ব্যান্ডের ওয়াকিটকির ক্ষেত্রে পাওয়ার আউটপুট সর্বোচ্চ ০৫ ওয়াট এবং নন লাইসেন্স/ শেয়ার্ড ব্যান্ডের ওয়াকিটকির ক্ষেত্রে পাওয়ার আউটপুট সর্বোচ্চ ০১ ওয়াট হতে হবে বিধায় এর বাইরে কার্যক্ষম কোন ওয়াকিটকি আমদানি, বিক্রয় বা সরবরাহ করা যাবে না।

**৯.২ সনদ গ্রহণে অব্যাহতি প্রাপ্ত সংস্থা/ প্রতিষ্ঠান/ ব্যক্তি কর্তৃক বেতার যন্ত্রপাতি আমদানি ও ব্যবহারের শর্তাদিঃ**

(ক) অনুচ্ছেদ-৩(খ) এর (i)(ii)(iii) এ বর্ণিত সংস্থা/ প্রতিষ্ঠান/ ব্যক্তি কর্তৃক বেতার যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে পরিশিষ্ট-৩(ঘ) অনুযায়ী কাগজপত্রাদি দাখিল করতঃ কমিশন হতে অনাপত্তি গ্রহণ করতে হবে।

(খ) সিম বেইজড বেতার যন্ত্র ব্যবহারের ক্ষেত্রে, ভবিষ্যতে যদি কমিশন হতে কোন প্রকার ট্যারিফ বা চার্জ নির্ধারণ করা হয় তবে উক্ত বেতার যন্ত্র ব্যবহারকারী সংস্থা/ প্রতিষ্ঠান/ ব্যক্তি কর্তৃক তা প্রদানে বাধ্য থাকবে।

(গ) বেতার যন্ত্রপাতিসমূহ শুধুমাত্র কমিশন কর্তৃক অনুমোদিত বা বরাদ্দকৃত তরঙ্গে ব্যবহার করতে হবে।

(ঘ) লাইসেন্স ব্যান্ড/ নন লাইসেন্স ব্যান্ড/ শেয়ার্ড ব্যান্ডের তরঙ্গে ব্যবহৃত বেতার যন্ত্রপাতির জন্য কমিশনের অনুমোদিত রেট লিষ্ট অনুযায়ী বেতার যন্ত্রপাতির পাওয়ার আউটপুট চার্জ, ষ্টেশন/ টার্মিনাল চার্জ, লাইসেন্স চার্জ বা অন্যান্য সকল প্রকার চার্জ তরঙ্গ বরাদ্দ গ্রহণকারী প্রতিষ্ঠান/ বেতার যন্ত্রপাতি ব্যবহারকারী কর্তৃক বাৎসরিক ভিত্তিতে নিয়মিত পরিশোধ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ঙ) বরাদ্দকৃত তরঙ্গ ও বেতার যন্ত্রপাতি বা উহা ব্যবহারের অধিকার কোনোভাবেই হস্তান্তরযোগ্য হবে না এবং হস্তান্তর করা হলে তা ফলবিহীন হবে।

(চ) ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক বেতার যন্ত্র স্থাপন, চালু করণের পর উহার কারিগরি তথ্য ও সঠিক অবস্থান বিস্তারিতভাবে কমিশনে দাখিল করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ছ) সকল বেতার যন্ত্র ITU-R কর্তৃক প্রণীত সুপারিশমালা অনুযায়ী কাজ করতে হবে। ইহা Spurious emission of transmitter এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

(ঝ) সরকারি সংস্থা/ প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য সংস্থা/ প্রতিষ্ঠান/ ব্যক্তি কর্তৃক কালো রঙের ওয়াকি-টকি সেট আমদানি ও ব্যবহার করা যাবে না।

(ঞ) বিভিন্ন নন লাইসেন্স ব্যান্ডে বা shared basis এ বরাদ্দকৃত তরঙ্গে ব্যবহৃত ডিভাইসসমূহের ক্ষেত্রে, তরঙ্গ ব্যবহারকারী দ্বারা প্রতিবন্ধকতা (Interference) সংঘটিত হলে কমিশন দায়ী থাকবেনা। ফলে এই তরঙ্গে প্রতিবন্ধকতা যাতে সৃষ্টি না হয় সেদিকে সতর্কতা অবলম্বন করতে হবে।

(ট) বেতার যন্ত্রপাতির প্রকার বিবেচনায় আমদানি ও ব্যবহারের ক্ষেত্রে কমিশন বিশেষ শর্ত আরোপ করতে পারবে।

## ১০. তালিকাভুক্তি সনদ গ্রহণের প্রক্রিয়াঃ

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানকে পরিশিষ্ট-৩(ক) এ বর্ণিত সকল কাগজ পত্রাদি'সহ চেয়ারম্যান, বিটিআরসি বরাবর অনলাইনে আবেদন করতে হবে।


(খ) দাখিলকৃত সকল কাগজ পত্রাদি সঠিক হিসেবে প্রতীয়মান হলে আবেদনকারী প্রতিষ্ঠানটির স্থাপনা সরেজমিনে পরিদর্শন করা হবে এবং সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) কমিশন ধার্য্যকৃত ফি/ চার্জ পরিশোধ সাপেক্ষে পরিশিষ্ট-১ অনুযায়ী তালিকাভুক্তি সনদ জারি করা হবে।

## ১০.১ তালিকাভুক্তি সনদ গ্রহণের ধাপসমূহের ফ্লো-চার্টঃ

তালিকাভুক্তি সনদ গ্রহণের ধাপসমূহের বর্ণনা নিম্নোক্ত ফ্লো-চার্ট আকারে উপস্থাপন করা হলোঃ

**<u>ফ্লো-চার্টঃ তালিকাভুক্তি সনদ গ্রহণের ধাপসমূহঃ</u>**



## ১১. বেতার যন্ত্রপাতি আমদানির অনাপত্তি গ্রহণের প্রক্রিয়াঃ

অনুচ্ছেদ-৭ এ বর্ণিত বেতার যন্ত্রপাতিসমূহ আমদানির জন্য অনুচ্ছেদ-৯ এ বর্ণিত সকল শর্তাদি পূরণ সাপেক্ষে কমিশন হতে আমদানির পূর্বানুমতি গ্রহণ করতে হবে। বেতার যন্ত্রপাতির ধরণ অনুযায়ী আমদানির অনাপত্তি গ্রহণের ক্ষেত্রে পরিশিষ্ট-৩ এর (খ), (গ) ও (ঘ) অনুযায়ী কাগজপত্রাদি/ তথ্যাদি দাখিল করতে হবে।

## ১২. বেতার যন্ত্রপাতি খালাসের ছাড়পত্র গ্রহণের প্রক্রিয়াঃ

অনুচ্ছেদ-৭ এ বর্ণিত বেতার যন্ত্রপাতিসমূহ আমদানির পর শর্তমতে যে সকল ক্ষেত্রে বেতার যন্ত্রপাতির জন্য খালাসের ছাড়পত্র গ্রহণ করতে হবে সে সকল ক্ষেত্রে খালাসের ছাড়পত্রের জন্য নিম্নোক্ত তথ্যাদি জমা দিতে হবেঃ (বেতার যন্ত্র ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক আবেদন করতে হবে এবং কার্যাদেশ প্রাপ্ত তালিকাভুক্তি সনদধারী প্রতিষ্ঠান ব্যবহারকারী প্রতিষ্ঠানকে সকল তথ্যাদি সরবরাহ করবে)

ক) কমার্শিয়াল ইনভয়েস;

খ) প্যাকিং লিষ্ট;

গ) এয়ারওয়ে বিল/ বিল অব ল্যাডিং;

ঘ) ইতিপূর্বে কমিশন হতে প্রদানকৃত বেতার যন্ত্রপাতি আমদানির অনাপত্তি পত্র;

ঙ) কার্যাদেশ প্রাপ্ত ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে চুক্তির কপি বা কার্যাদেশ পত্র;

চ) অন্যান্য প্রযোজ্য যে কোন দলিলাদি।

## ১৩. তালিকাভুক্তি সনদ নবায়নঃ

(ক) আবেদনকারীকে পরিশিষ্ট-৩(ক) এ বর্ণিত সকল হালনাগাদ কাগজ পত্রাদিসহ চেয়ারম্যান, বিটিআরসি (দৃঃআঃ পরিচালক, স্পেকট্রাম বিভাগ) বরাবর অনলাইনে আবেদন করতে হবে।

(খ) দাখিলকৃত সকল কাগজ পত্রাদি সঠিক হিসেবে প্রতীয়মান হলে প্রতিষ্ঠানটির অনুকূলে রেট লিষ্ট অনুযায়ী একটি ডিমান্ড নোট প্রেরণ করা হবে।

(গ) বর্ণিত ডিমান্ড নোটের ফি/ চার্জ প্রাপ্তি সাপেক্ষে প্রতিষ্ঠানটির তালিকাভুক্তি সনদ পরিশিষ্ট-২ অনুযায়ী নবায়ন করা হবে।

## ১৪. বিবিধঃ

কমিশন অত্র নির্দেশিকার বর্ণিত অনুচ্ছেদসমূহে উল্লিখিত শর্তের পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/ বিয়োজন/ স্থগিতকরণ অথবা ভিন্ন নির্দেশনার মাধ্যমে সময়ে সময়ে বিভিন্ন শর্ত আরোপ করার অধিকার/ ক্ষমতা সংরক্ষণ করে।

## পরিশিষ্ট-১

## "Radio Equipment Importer and Vendor Enlistment Certificate" এর নমুনাঃ

No. 14.32.0000.501.43.---- Date: DD-MM-YYYY

**Enlistment no-**

**Radio Equipment Importer and Vendor Enlistment Certificate.**

In exercise of the powers conferred by the **Bangladesh Telecommunication Regulation Act, 2001** the Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) upon consideration of their Application dated DD-MM-YYYY is pleased to grant Enlistment to **-------- (company name),** having its registered head office at**------ (address), Bangladesh.**

## Enlistment

For a period commencing from the date of issue of this **Enlistment** to DD-MM-YYYY , renewable for two years from the date of expiration of the enlistment.

**To**

Import the radio communication equipment mentioned below under the following terms and conditions.

**1. List of Radio Communication Equipment**

*The Radio Equipment Importer and Vendor Enlistment will be allowed to import only the following Radio Communication Equipment.*

1.1. Private Mobile Radio (PMR) Equipment (Handheld/Portable/Vehicle Mounted/Base/Repeater etc.)

1.2. Mobile Phone Handset.

1.3. VSAT/ VSAT Hub equipment.

1.4. Fixed Wireless Phone/Modem.

1.5. SBR/ CB Handheld walkie-talkie.

1.6. Push to Talk over Cellular (POC)

1.7. Satellite Phone.

1.8 All kind of IoT equipment (SIM/Non-SIM/sensor based), PoS (point of sale) machine.

1.9. All kind of ISM equipment which is operate in the band 2.5 & 5.7 GHz (as per instruction by the Commission)

1.10. All kind of radio equipment which usage by Cellular Mobile operator.

1.11. Aeronautical, Maritime & Broadcasting services equipment’s.

1.12. VTS related radio equipment.

1.13. All Radio Service Equipment As per Recommendation by ITU.

1.14. Other Radio Equipment as and when decided by the Commission according to NFAT.

## 2. **Terms & Conditions**

2.1. The Enlisted Vendor will be able to import Radio Communication Equipment and its accessories defined above with prior permission from BTRC as per the instruction given by the Commission.

2.2. Export and Import of Radio Communication Equipment is strictly prohibited without prior permission of BTRC.

2.3. The Enlisted Vendor shall maintain a register of imported Radio Communication Equipment and shall cause to be entered therein:

2.3.1 The details of all such equipment in his possession together with the dates on which the equipment came into his possession and the source from which it has been obtained.

2.3.2 The name and address of every person to whom the Enlisted Vendor sells or transfers the Radio Communication Equipment's with the date and other particulars of the transaction should be recorded.

2.4. The Commission may, by order in writing, appoint Inspectors to inspect their workshop/store/office from time to time without prior notice.

2.5. Each Enlisted Vendor will have a particular address for temporary storage and repair of imported Radio Communication Equipment and keep the commission informed for inspection as and when required.

2.5.1 Such Inspector may inspect any Radio Communication Equipment in the possession of any person and such person shall, if so, required by an Inspector, give to the best of his knowledge, particulars of the name and address of any person to whom he may have transferred and from whom he may have received any Radio Communication Equipment.

2.5.2 On demand of Inspector, each Enlisted Vendor shall produce its all-related documents and the registers maintained by it under clause 2.4 for inspection and shall permit the Inspector to take copy or extract thereof.

2.6. The Vendor shall not import old or used Radio Communication Equipment.

2.7. This **Enlistment** Number is not transferable.

2.8. This **Enlistment** Number allows the Enlisted Vendor in participating in the tenders of mentioned Radio Communication Equipment and its accessories.

2.9. The Enlisted Vendor has to submit the stock report of the imported and sold ready equipment of 1.1, 1.2 and 1.5 monthly within the first week of next Gregorian calendar month.

2.10. The Enlisted Vendor will pay the **Enlistment Fee** & **Enlistment Renewal Fee** as per rate list of BTRC.

2.11. If any term and condition is violated, either administrative fine/ cancellation of **Enlistment** will be imposed.

2.12. Before selling the imported Radio Communication Equipment of 1.1 and 1.5 to some person/company the Enlisted Vendor will ensure first that the person/company has the required assigned frequency from BTRC. Otherwise, the Enlisted Vendor will be responsible and legal action will be taken against it. In this case, the Enlisted Vendor will be liable to pay the annual charge of those Radio Equipment to BTRC.

2.13. The Enlisted Vendor has to submit the complete list of the type and quantity of Radio Equipment they want to import.

2.14. The Commission reserves the right to modify the terms and conditions.

2.15. The Commission reserves the right to cancel the **Enlistment** Number of any Enlisted Vendor for national interest.

2.16. Only one Vendor **Enlistment Number** will be issued in the name of one entity-a proprietorship, a partnership or a Limited Company. No entity will be eligible for obtaining more than one Vendor **Enlistment Number** In the case of multiple entities under single ownership (Directorship/Shareholders/ Promoters/ otherwise having shareholding rights), only one entity out of those multiple entities will get one Vendor **Enlistment Number.**

2.17 This **Enlistment** will be valid up to Date: DD-MM-YYYY .

Director
Spectrum Division
Bangladesh Telecommunication
Regulatory Commission.

পরিশিষ্ট -২

"Radio Equipment Importer and Vendor Enlistment Certificate" নবায়নের নমুনাঃ

No: 14.32.0000. Date: DD-MM-YYYY

Name and Address of the Enlistment Holder:

Number of Original Enlistment Certificate: 000/000, Date: DD-MM-YYYY .

Duration of the Enlistment Certificate: From Date: DD-MM-YYYY to Date: DD-MM-YYYY

## Renewal of Radio Equipment Importer and Vendor Enlistment Certificate

(Under section 57 of the Bangladesh Telecommunication Regulation Act, 2001 (Amended Act 2010))

The Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) in consideration of the application dated DD-MM-YYYY has been pleased to renew the above-mentioned enlistment certificate for 02 (two) year with effect from DD-MM-YYYY to DD-MM-YYYY subject to the existing terms and conditions contained in the original enlistment certificate. The enlistment certificate is renewed with the approval of the appropriate authority.

Director
Spectrum Division
Tel: 9611111 Ext- --
E-mail: ------@btrc.gov.bd

To
MD/CEO/Proprietor
---------------------
---------------------

## পরিশিষ্ট-৩ (প্রয়োজনীয় দলিলাদি)

**(ক) তালিকাভুক্তি সনদ গ্রহণ ও নবায়নের আবেদনের সাথে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ**

১। হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি ;

২। হালনাগাদ আমদানি নিবন্ধন সনদের সত্যায়িত কপি ;

৩। টিন/ বিন সার্টিফিকেটের সত্যায়িত কপি;

৪। হালনাগাদ আয়কর প্রদানের সনদপত্রের কপি/ হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের রশিদ ও ব্যাখ্যা প্রদান;

৫। মূল্য সংযোজন কর সনদের সত্যায়িত কপি ;

৬। ব্যাংক সলভেন্সি) sound & solvent উল্লেখ থাকতে হবে( সনদের কপি ;

৭। লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মেমোরান্ডাম অব এসোসিয়েশন এন্ড আর্টিকেল অব এসোসিয়েশন এর কপি/ব্যক্তি মালিকানার ক্ষেত্রে প্রোপ্রাইটারশীপ সার্টিফিকেট নোটারী পাবলিক থেকে) অর্থাৎ ,৩০০ টাকার স্ট্যাম্পে হলফ নামা এর মূলকপি/( পার্টনারশিপের ক্ষেত্রে Registrar of Joint Stock Companies& Firms, Bangladeshহতে রেজিস্ট্রিকৃত সনদ এর কপি;

৮। সংস্থায় কর্মরত (যে কোন একজন)টেকনিক্যাল জনবলের জীবন বৃত্তান্ত এবং নিয়োগকৃত হলে নিয়োগ পত্রের কপি;

৯। কোম্পানি বা ফার্মের ক্ষেত্রে MD/ CEO এবং প্রোপাইটরশীপের ক্ষেত্রে মালিকের সত্যায়িত ছবি;

১০। প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর এবং সকল শেয়ারহোল্ডারের (যদি থাকে) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;

১১। কোম্পানি/ প্রতিষ্ঠানের অফিস ভাড়াকৃত হলে অফিস ভাড়ার চুক্তিনামা;

১২। গত ০১ (নবায়নের ক্ষেত্রে) বছরের মধ্যে কমিশনের অনুমোদনক্রমে আমদানিকৃত বেতার যন্ত্রের তালিকা (এক);

১৩। আবেদনকৃত প্রতিষ্ঠানের নামে ইতিপূর্বে অত্র কমিশন হতে রেডিও ইকুইপমেন্ট ইম্পোর্টার এন্ড ভেন্ডর এনলিস্টমেন্ট সনদ গ্রহণ করা হয়নি এবং ট্রেড লাইসেন্সে উল্লিখিত ব্যক্তির নামে অন্য ট্রেড লাইসেন্স জমা দিয়ে বিটিআরসি হতে রেডিও ইকুইপমেন্ট ইম্পোর্টার এন্ড ভেন্ডর এনলিস্টমেন্ট সনদ গ্রহণ করা হয়নি মর্মে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা।

**(খ) মোবাইল হ্যান্ডসেট আমদানির আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবেঃ**

১। আমদানিকারককে বিটিআরসি হতে রেডিও ইকুইপমেন্ট ইম্পোর্টার এন্ড ভেন্ডর এনলিস্টমেন্ট সনদ থাকতে হবে এবং হালনাগাদকৃত থাকতে হবে;

২। প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বিটিআরসি’র চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে;

৩। প্রোফরমা ইনভয়েস-মূল্যসহ এবং মূল্যবিহীন উভয়ভাবেই আমদানিকারক কর্তৃক সত্যায়িত কপি;

৪। প্রত্যেক মডেলের সঠিক IMEI নম্বর ও অন্যান্য ডাটা;

৫। নতুন মডেলের ক্ষেত্রে- ম্যানুফেকচারার (manufacturer) সনদ (ইংরেজী ও স্থানীয় উভয় ভাষার), কোয়ালিটি সনদ (quality assurance certificate), ম্যানুফেকচারের সাথে চুক্তি পত্র (agreement), ডিস্ট্রিবিউশন সনদ, SAR test প্রতিবেদন, battery test প্রতিবেদন;

৬। প্রতিটি মডেলের GSMA TAC;

৭। আবেদনকৃত মোবাইল হ্যান্ডসেট এর ওয়ারেন্টি (Warranty) নিশ্চিত করার লক্ষ্যে ওয়ারেন্টি কার্ড/ সার্ভিসিং সেন্টার সমূহের ঠিকানা;

৮। প্রত্যেক মডেলের সুস্পষ্ট বুকলেট/ ব্রুশিয়র (brochure)/ স্পেসিফিকেশন আমদানিকারক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

**(গ) সনদধারী কর্তৃক আইওটি ও আইএসএম ব্যান্ডের (২.৪ ও ৫.৭ গিগাহার্জ) বেতার যন্ত্রপাতি আমদানির আবেদনের সাথে <u>নিম্নোক্ত কাগজ পত্রাদি জমা দিতে হবেঃ</u>**

১। আমদানিকারককে বিটিআরসি হতে রেডিও ইকুইপমেন্ট ইম্পোর্টার এন্ড ভেন্ডর এনলিস্টমেন্ট সনদ থাকতে হবে এবং হালনাগাদকৃত থাকতে হবে;

২। প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বিটিআরসি'র চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে;

৩। বেতার যন্ত্রের বিস্তারিত উল্লেখ পূর্বক বিটিআরসি'র নির্ধারিত দরখাস্ত ফরমটি যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

৪। প্রোফরমা ইনভয়েস-মূল্যসহ এবং মূল্যবিহীন উভয়ভাবেই আমদানিকারক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে;

৫। সিম বেইজড বেতার যন্ত্রের ক্ষেত্রে প্রত্যেক মডেলের সঠিক IMEI নম্বর;

৬। সিম বেইজড বেতার যন্ত্রের ক্ষেত্রে প্রতিটি মডেলের GSMA TAC;

৭। প্রত্যেক মডেলের সুস্পষ্ট বুকলেট/ ব্রুশিয়র (brochure) আমদানিকারক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে এবং

৮। আইওটি বেতার যন্ত্রপাতিসমূহ আমদানির পূর্বে সাইবার নিরাপত্তা, প্রটোকল নিশ্চিতকরণের জন্য এ সংক্রান্ত সনদ অথবা আন্তর্জাতির স্বীকৃত (ISO/IEC 30141) সনদ থাকতে হবে বিধায় এ সংক্রান্ত দলিলাদি জমা দিতে হবে।

**(ঘ) ওয়াকিটকি, বেইজ, রিপিটার, ট্রান্সিভার বা অন্যান্য বেতার যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে ব্যবহারকারী কর্তৃক নিম্নোক্ত <u>কাগজপত্রাদি জমা দিতে হবেঃ</u>**

১। প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বিটিআরসি'র চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে;

২। বেতার যন্ত্রের বিস্তারিত উল্লেখ পূর্বক বিটিআরসি'র নির্ধারিত দরখাস্ত ফরমটি যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে;

৩। আবেদনের সাথে দরখাস্ত ফর্মের ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা এবং দরখাস্ত প্রক্রিয়াকরনের ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা + ১৫% ভ্যাট =৬,৩২৫.০০ (ছয় হাজার তিনশত পঁচিশ) টাকা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর অনুকূলে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে অত্র দপ্তরের অর্থ, হিসাব রাজস্ব বিভাগে জমা দিতে হবে (যা অফেরৎযোগ্য) এবং রাজস্ব জমাদানের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে; **(ইতিপূর্বে তরঙ্গ বরাদ্দ নেয়া থাকলে অথবা একই তরঙ্গে নতুন করে আরো বেতার যন্ত্রপাতি ব্যবহারের আবেদনের ক্ষেত্রে এই চার্জ প্রযোজ্য নয়)**

৪। কার্যাদেশ/ চুক্তির ভিত্তিতে বেতার যন্ত্রপাতি আমদানি করা হলে সংশ্লিষ্ট আমদানিকারককে কমিশন হতে প্রদত্ত তালিকাভুক্তি সনদ থাকতে হবে এবং তা হালনাগাদকৃত থাকতে হবে, বিধায় আবেদনের সাথে উক্ত আমদানিকারকের বিস্তারিত তথ্যাদি তথা-তালিকাভুক্তি সনদের কপি, কার্যাদেশ/ চুক্তির কপি;

৫। প্রোফরমা ইনভয়েস-মূল্যসহ এবং মূল্যবিহীন উভয়ভাবেই আমদানিকারক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে;

৬। প্রত্যেক মডেলের সুস্পষ্ট বুকলেট/ ব্রুশিয়র (brochure) আমদানিকারক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে;

৭। প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি; **(নতুন করে তরঙ্গ বরাদ্দের ক্ষেত্রে প্রযোজ্য)**

৮। আবেদনকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের মালিক/ ট্রেড লাইসেন্সধারীর ও সকল শেয়ার হোল্ডারের (যদি থাকে) জাতীয় পরিচয় পত্রের অনুলিপি;

৮। হালনাগাদ আয়কর প্রদানের সনদপত্রের কপি ও একই সাথে আয়কর রিটার্ন দাখিলের রশিদ বা ব্যাখ্যা প্রদান; **(নতুন করে তরঙ্গ বরাদ্দের ক্ষেত্রে প্রযোজ্য)।**

৯। বেতার যন্ত্র ব্যবহারের নেটওয়ার্ক প্ল্যান (প্রযোজ্য ক্ষেত্রে);

১০। সরকারি সংস্থা/ প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য সংস্থা/ প্রতিষ্ঠান/ ব্যক্তির ক্ষেত্রে কালো রঙের ওয়াকি-টকি সেট আমদানি ও ব্যবহার করা যাবে না, বিধায় কালো রঙ্গের ওয়াকি-টকি সেট আমদানি ও ব্যবহার করা হবে না মর্মে অঙ্গীকারনামা (প্রযোজ্য ক্ষেত্রে);

১১। সিম বেইজড বেতার যন্ত্রের ক্ষেত্রে প্রত্যেক মডেলের সঠিক IMEI নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

১২। সিম বেইজড বেতার যন্ত্রের ক্ষেত্রে প্রতিটি মডেলের GSMA TAC (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

১৩। আইওটি বেতার যন্ত্রপাতিসমূহ আমদানির পূর্বে সাইবার নিরাপত্তা, প্রটোকল নিশ্চিতকরণের জন্য এ সংক্রান্ত সনদ অথবা আন্তর্জাতির স্বীকৃত (ISO/IEC 30141) সনদ থাকতে হবে বিধায় এ সংক্রান্ত দলিলাদি জমা দিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

=সমাপ্ত=